

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা-৩
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৭.০৯.০১৬.১৭.৫৭৫

তারিখ: ২৬/০৯/২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, রিক্রুটিং এজেন্সি মেসার্স জেড এইচ চৌধুরী এন্ড সন্স (আরএল-৯৬৭) এর আবেদনের প্রেক্ষিতে 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩' এবং এর অধীনে প্রণীত বিধিমালা অনুযায়ী জনশক্তি রপ্তানী কার্যক্রম পরিচালনার শর্তে আপনার এজেন্সির অনুকূলে লাইসেন্স প্রদান করা হয়;


০২। যেহেতু, জনাব আব্দুল গাফফার বান আপনার এজেন্সির মাধ্যমে সাইপ্রাস যাওয়ার জন্য ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকা প্রদান করেন। টাকা দেয়ার পর বাদীর কাগজপত্র ০৪/০৪/২০১১ তারিখে OK করেন এবং ভিসা ম্যানপাওয়ার ক্রয়ারেস করেন (যার নং-২০১১০২৬৪০৪৯)। ভিসা ম্যানপাওয়ার ক্রয়ারেস করার ০২ (দুই) সপ্তাহ পরে তাকে বিমান বন্দর নিয়ে যান। পরে তিনি আপনার অফিসে গেলে তাকে বের করে দেন এবং বাদীকে বিভিন্ন ধরনের ভয়ভীতি দেখান। আপনি তাকে ভেসে ভেসে ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকার মধ্যে ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা পরিশোধ করেছেন বাকী ৫,৮০,০০০/- (পাঁচ লক্ষ আশি হাজার) টাকা তিনি আপনার কাছে পাবেন;

০৩। যেহেতু, জনাব আব্দুল গাফফার খান কর্তৃক ৫,৮০,০০০/- (পাঁচ লক্ষ আশি হাজার) টাকা দাবী বিএমইটি হতে প্রতিষ্ঠিত হয়েছে;

০৪। যেহেতু, অভিযোগটি পুনরায় তদন্তে প্রমাণিত হওয়ার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে এজেন্সির লাইসেন্স বাতিলের জন্য সুপারিশ করা হয়েছে;

০৫। যেহেতু, রিক্রুটিং এজেন্সি কর্তৃক লাইসেন্সে আরোপিত শর্তাদি এবং বিদেশে কর্মী প্রেরণ প্রক্রিয়ার প্রযোজ্য আইন ও বিধিমালা অনুসরণ করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও উক্ত এজেন্সি তা লঙ্ঘন করেছে;

০৬। যেহেতু, অভিযোগকারীর প্রাপ্য সমুদয় অর্থ রিক্রুটিং এজেন্সি মেসার্স জেড এইচ চৌধুরী এন্ড সন্স (আরএল-৯৬৭) এর জামানত হতে কর্তনপূর্বক অভিযোগকারীকে ফেরত প্রদানসহ বর্ণিত অপরাধের কারণে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ধারা ১২ ও ১৮ অনুযায়ী রিক্রুটিং এজেন্সি মেসার্স জেড এইচ চৌধুরী এন্ড সন্স (আরএল-৯৬৭) এর লাইসেন্স নির্দেশক্রমে বাতিল এবং সমুদয় জামানত বাজেয়াপ্ত করা হ'ল।


(মোঃ সামছুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৩৫৮৭৩৫

ই-মেইল:sasemployment3@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (ঢাকাস্থ সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, লিবিয়া, ইরাক, সিংগাপুর, মালয়শিয়া, দক্ষিণ কোরিয়া ও অন্যান্য দূতাবাস সমূহকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মান্যবর রত্নদূত/হাইকমিশনার, বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ হাইকমিশন, সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, লিবিয়া, ইরাক, সিংগাপুর, মালয়শিয়া, দক্ষিণ কোরিয়া ও অন্যান্য দূতাবাসসমূহ।

চলমান পাতা-০২

- ০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৬। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৭। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি জরুরী ভিত্তিতে সকল পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সভাপতি, বায়রা, ১৩০, নিউ, ইস্কাটন রোড, ঢাকা-১০০০ (বায়রা'র সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১১। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। স্বত্বাধিকারী, মেসার্স জেড এইচ চৌধুরী এন্ড সন্স, ৬৬/এ, নয়াপল্টন (৫ম তলা), মতিঝিল, ঢাকা-১০০০।
- ১৩। অফিস কপি।